গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.০৪৫.২০.০০৯.১০.০১০.২০২০(অংশ-১)-৬২৬

তারিখ: ০২ পৌষ ১৪২৭ / ১৭ ডিসেম্বর ২০২০

প্রেরক: মোহাম্মদ সামছুল হক
উপসচিব, স্থানীয় সরকার বিভাগ

প্রাপক : চিফ একাউন্ট্স এন্ড ফাইন্যান্স অফিসার
স্থানীয় সরকার বিভাগ
সিজিএ ভবন (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।

বিষয় : ২০২০-২০২১ অর্থবছরে ২য় কিস্তির অর্থ হতে 'উপজেলা পরিষদ চেয়ারম্যান/উপজেলা নির্বাহী অফিসারের নতুন বাসভবন নির্মাণ' উপখাতে ১৬০.০০ লক্ষ (এক কোটি ষাট লক্ষ) টাকার মঞ্জুরি প্রদান।

মহোদয়,

অর্থ বিভাগের ৩০/০৮/২০০০ তারিখের অম:অবি:/উ:-১/বিবিধ-৪৬/৯৭-৪৬৯ নং স্মারকে প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগকে প্রদত্ত ক্ষমতাবলে ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে "উপজেলা উন্নয়ন সহায়তা" থোক বরাদ্দের ৬৫০.০০ কোটি (ছয়শত পঞ্চাশ কোটি) টাকা হতে 'উপজেলা পরিষদ চেয়ারম্যান/উপজেলা নির্বাহী অফিসারের নতুন বাসভবন নির্মাণ' উপখাতে রক্ষিত ৫২.০০ কোটি (বায়ান্ন কোটি) টাকার মধ্যে ২য় কিস্তিতে প্রাপ্ত ৬.৫০ কোটি (ছয় কোটি পঞ্চাশ লক্ষ) টাকা হতে নিম্নবর্ণিত ৪টি উপজেলা পরিষদের অনুকূলে পার্শ্বে উল্লিখিত চলমান নতুন বাসভবনের নির্মাণকাজ সুচারুরূপে বাস্তবায়নের জন্য ১৬০.০০ লক্ষ (এক কোটি ষাট লক্ষ) টাকার সরকারি মঞ্জুরি নির্দেশক্রমে জ্ঞাপন করছি:

ক্র: নং	জেলার নাম	উপজেলার নাম	বাসভবনের নাম	বরাদ্দের পরিমাণ (লক্ষ টাকায়)
১।	ভোলা	চরফ্যাশন	উপজেলা নির্বাহী অফিসারের নতুন বাসভবন	৪০.০০
২।	যশোর	মনিরামপুর	উপজেলা নির্বাহী অফিসারের নতুন বাসভবন	৪০.০০
৩।	সিরাজগঞ্জ	সদর	উপজেলা নির্বাহী অফিসারের নতুন বাসভবন	৪০.০০
৪।	রাঙ্গামাটি	লংগদু	উপজেলা নির্বাহী অফিসারের নতুন বাসভবন	৪০.০০
			মোট	১৬০.০০

২। এই ব্যয় ২০২০-২০২১ অর্থবছরের উন্নয়ন বাজেটের মঞ্জুরি নং-৩৪, ১৩৭- স্থানীয় সরকার বিভাগ, ১৩৭০১- সচিবালয়, ২২১০০০৪০০- উপজেলা উন্নয়ন সহায়তা, অর্থনৈতিক কোড: ৪১১১৩১৭-অন্যান্য ভবন ও স্থাপনা হতে মিটানো হবে;

৩। এ বিভাগ কর্তৃক ১১-১১-২০১৪ তারিখের ১১৬৮ নং স্মারকে জারিকৃত উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা, পিপিআর ও সরকারি বিধি বিধান অনুসরণপূর্বক অনুমোদিত প্রকল্প বাস্তবায়নে বরাদ্দকৃত এই অর্থ ব্যয় করতে হবে।

৪। নির্ধারিত ডিজাইনের বর্ণিত বাসভবনের জন্য প্রাক্কলিত মূল্য স্থানীয় সরকার বিভাগ কর্তৃক অনুমোদিত প্রাক্কলিত মূল্য অপেক্ষা অধিক হলে এ বিভাগের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে।

চলমান পাতা-২

৫। উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার যৌথভাবে মঞ্জুরিকৃত অর্থের আয়ন ও ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন;

৬। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

৭। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ উক্ত অর্থ ব্যয়ের নির্বাহী কর্তৃপক্ষ হিসেবে দায়িত্ব পালন করবেন;

৮। এতে অর্থ বিভাগের ০৮/১১/২০২০ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৭.২০১১-৪০৭ স্মারকে সম্মতি রয়েছে;

৯। এলজিইডি, আগারগাঁও কর্তৃক প্রণীত ও স্থানীয় সরকার বিভাগ কর্তৃক অনুমোদিত ডিজাইন ও প্রাক্কলন অনুযায়ী পূর্ণাঙ্গ ভবনের জন্য গৃহিত দরপত্রের অনুকূলে উল্লিখিত উপজেলাসমূহের জন্য এ বরাদ্দ প্রদান করা হলো।

১৭/১২/2020.
(মোহাম্মদ সামছুল হক)
উপসচিব
ফোন-৯৫৭৭২৩০

স্মারক নং- ৪৬.০৪৫.২০.০০৯.১০.০১০.২০২০(অংশ-১)-৬২৬

তারিখ: ০২ পৌষ ১৪২৭ / ১৭ ডিসেম্বর ২০২০

অনুলিপি (সদয় অবগতি ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ (দৃ: আ: সিনিয়র সহকারী সচিব, বাজেট-১১)।
২। কমিশনার, ----------বিভাগ।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। জেলা প্রশাসক, ----------জেলা।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা:---------- জেলা:----------।
৬। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর,----------, (তাকে অনুমোদিত প্রকল্প বাস্তবায়নে উপজেলা প্রকৌশলীর মাধ্যমে যথাযথ কারিগরি মান বজায় রাখা নিশ্চিত করতে অনুরোধ করা হলো)।
৭। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা----------, জেলা: ----------।
৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। ভাইস চেয়ারম্যান(পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, উপজেলা:----------, জেলা:----------।
১০। সিনিয়র সহকারী প্রধান (পরিকল্পনা-১), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। উপজেলা প্রকৌশলী, উপজেলা:----------, জেলা:----------।
১২। জেলা/উপজেলা হিসাবরক্ষণ অফিসার, উপজেলা: ----------,জেলা:----------।
১৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

১৭/১২/2020.
(মোহাম্মদ সামছুল হক)
উপসচিব